গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ।
ueosadarmymen@gmail.com

স্মারক নং-উশিঅ/ময়মন-সদর/২০২৩/ ৬৭২ তারিখ : ০২/০৭/২০২৩ খ্রিঃ।

বিষয় ঃ জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা ২০২২-২০২৩ এ অংশ গ্রহণ প্রসঙ্গে।

সূত্র ঃ উপজেলা শিশু পুরস্কার প্রতিযোগিতা কমিটির ২৬/০৬/২০২৩ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা ২০২২ ও ২০২৩খ্রিঃ নিম্নবর্ণিত তারিখ, সময় ও স্থানে অনুষ্ঠিত হবে।

২০২২ সালের জন্য প্রযোজ্য:

| ক্র: নং | প্রতিযোগিতার বিষয় | বিভাগ | তারিখ ও বার | সময় | স্থান |
|---|---|---|---|---|---|
| ০১ | সংগীতও শিক্ষা বিষয়ক | ক+খ+গ | ১১/০৭/২০২৩ মঙ্গলবার | সকাল : ১০:০০ টা | উপজেলা শিক্ষা অফিস, সম্প্রসারিত ভবন, সদর, ময়মনসিংহ । |
| ০২ | নৃত্য | ক+খ+গ | ১১/০৭/২০২৩ মঙ্গলবার | সকাল : ১০:০০ টা | উপজেলা পরিষদ হলরুম ময়মনসিংহ। |
| ০৩ | কুঠির শিল্প/বিজ্ঞানযন্ত্র, চিত্রাংকন, বঙ্গবন্ধুকে জানো বাংলাদেশকে জানো বিষয়ক সাধারণ জ্ঞান | ক+খ+গ | ১১/০৭/২০২৩ মঙ্গলবার | সকাল : ১০:০০ টা | কৃষি হলরুম সদর, ময়মনসিংহ। |
| ০৪ | ক্রীড়া বিষয়ক | ক+খ+গ | ১১/০৭/২০২৩ মঙ্গলবার | সকাল : ১০:০০ টা | উপজেলা পরিষদ চত্ত্বর। |

২০২৩ সালের জন্য প্রযোজ্য:

| ক্র: নং | প্রতিযোগিতার বিষয় | বিভাগ | তারিখ ও বার | সময় | স্থান |
|---|---|---|---|---|---|
| ০১ | সংগীতও শিক্ষা বিষয়ক | ক+খ+গ | ১২/০৭/২০২৩ বুধবার | সকাল : ১০:০০ টা | উপজেলা শিক্ষা অফিস, সম্প্রসারিত ভবন, সদর, ময়মনসিংহ । |
| ০২ | নৃত্য | ক+খ+গ | ১২/০৭/২০২৩ বুধবার | সকাল : ১০:০০ টা | উপজেলা পরিষদ হলরুম ময়মনসিংহ। |
| ০৩ | কুঠির শিল্প/বিজ্ঞানযন্ত্র, চিত্রাংকন, বঙ্গবন্ধুকে জানো বাংলাদেশকে জানো বিষয়ক সাধারণ জ্ঞান | ক+খ+গ | ১২/০৭/২০২৩ বুধবার | সকাল : ১০:০০ টা | কৃষি হলরুম সদর, ময়মনসিংহ। |
| ০৪ | ক্রীড়া বিষয়ক | ক+খ+গ | ১২/০৭/২০২৩ বুধবার | সকাল : ১০:০০ টা | উপজেলা পরিষদ চত্ত্বর। |

উক্ত প্রতিযোগিতায় অংশ গ্রহণে ইচ্ছুক প্রতিযোগীদের নামের তালিকা নিম্নোক্ত ছক অনুযায়ী ১০/০৭/২০২৩ দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

"ছক"

| ক্র: নং | প্রতিযোগিতার বিষয় | প্রতিযোগীর নাম | পিতার নাম | মাতার নাম | শ্রেণি | জন্ম তারিখ (জন্ম নিবন্ধন সনদ অনুযায়ী) বয়স | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |

জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতাকে ৩টি ভাগে ভাগ করা হয়েছে:

১। শিক্ষা বিষয়ক
২। সাংস্কৃতিক বিষয়ক
৩। ক্রীড়া বিষয়ক।

**এই প্রতিযোগিতা ৩টি বিভাগে বিভক্ত। সকল প্রতিযোগিতা হবে একক।

ক বিভাগ : ১ম শ্রেণি থেকে ৫ম শ্রেণি
খ বিভাগ : ৬ষ্ঠ শ্রেণি থেকে ৮ম শ্রেণি
গ বিভাগ : ৯ম শ্রেণি থেকে ১০ম শ্রেণি

১. শিক্ষা বিষয়ক :

| ক্রম | বিষয় | বিভাগ |
|---|---|---|
| ১. | বঙ্গবন্ধুকে জানো বাংলাদেশকে জানো বিষয়ক সাধারণ জ্ঞান | ক+খ+গ বিভাগ |
| ২. | উপস্থিত অভিনয় | ক+খ+গ বিভাগ |
| ৩. | আবৃত্তি (নির্ধারিত কবিতা) | ক+খ+গ বিভাগ |
| ৪. | উপস্থিত বক্তৃতা | খ ও গ বিভাগ |
| ৫. | কেরাত (বাংলা তরজমাসহ) | ক+খ+গ বিভাগ |
| ৬. | শিশু সাহিত্য : ধারাবাহিক গল্প বলা | খ ও গ বিভাগ |
| ৭. | কুটিরশিল্প: বাঁশ-বেতের ব্যবহারের সামগ্রী তৈরি/মাটির কাজ | খ ও গ বিভাগ |
| ৮. | বিজ্ঞানযন্ত্রের উদ্ভাবন/বিজ্ঞান প্রজেক্ট | খ ও গ বিভাগ |

সাংস্কৃতিক বিষয়ক ঃ সংগীত

| ক্রম | বিষয় | বিভাগ |
|---|---|---|
| ৯. | দেশাত্মবোধক সংগীত | ক+খ+গ বিভাগ |
| ১০ | রবীন্দ্র সংগীত | ক+খ+গ বিভাগ |
| ১১ | নজরুল সংগীত | ক+খ+গ বিভাগ |
| ১২ | ছড়াগান | ক ও খ বিভাগ |
| ১৩ | ভাবসংগীত (লালনগীতি/মুর্শিদী/হাছন রাজার গান/দুরবীন শাহ/রাধারমণ দত্তের গান) | ক+খ+গ বিভাগ |
| ১৪ | লোকসংগীত (যে কোনো অঞ্চলের আঞ্চলিক গান) | ক+খ+গ বিভাগ |
| ১৫ | হামদ/না'ত | ক+খ+গ বিভাগ |
| ১৬ | উচ্চাঙ্গ সংগীত | ক+খ+গ বিভাগ |
| ১৭ | তবলা | ক+খ+গ বিভাগ |
| ১৮. | যন্ত্রসংগীত: দোতারা/সেতার/সরোদ/বাঁশি/কী-বোর্ড/বেহালা/গিটার(স্প্যানিস/হাওয়াইয়ান অ্যাকুস্টিক গিটার)/(যে কোন একটি) | ক+খ+গ বিভাগ |

নৃত্য

| ক্রম | বিষয় | সময় | বিভাগ |
|---|---|---|---|
| ১৯. | মণিপুরী নৃত্য | ৫ মি. | ক+খ+গ বিভাগ |
| ২০. | কথক নৃত্য | ৫ মি. | ক+খ+গ বিভাগ |
| ২১. | ভরত নাট্যম | ৫ মি. | ক+খ+গ বিভাগ |
| ২২. | সৃজনশীল নৃত্য (সাধারণ ) | ৫ মি. | ক+খ+গ বিভাগ |
| ২৩. | লোকনৃত্য | ৫ মি. | ক+খ+গ বিভাগ |

**. চিত্রাংকন: ২০২২-এর জন্য প্রযোজ্য (রঙের মাধ্যম উন্মুক্ত)

| বিষয় | বিভাগ |
|---|---|
| আমাদের স্কুল | ক বিভাগ |
| পানি ও জীবন-প্রকৃতি | খ বিভাগ |
| উন্নয়নের অগ্রযাত্রায় বাংলাদেশ | গ বিভাগ |

CamScanner

**. চিত্রাংকন: ২০২৩-এর জন্য প্রযোজ্য (রঙের মাধ্যম উন্মুক্ত)

| বিষয় | বিভাগ |
|---|---|
| আমাদের শহরে সবুজায়ন | ক বিভাগ |
| বিজ্ঞানের দুনিয়া | খ বিভাগ |
| জলবায়ু পরিবর্তন | গ বিভাগ |

**. আবৃত্তি ২০২২ সালের জন্য প্রযোজ্য

| বিষয় | বিভাগ |
|---|---|
| আমাদের এই বাংলাদেশ - সৈয়দ শামসুল হক (২২ লাইন) | ক বিভাগ |
| ঘুমপাড়ানি - আবুল হোসেন ( ২০ লাইন) | খ বিভাগ |
| এই অক্ষরে - মহাদেব সাহা (২০ লাইন) | গ বিভাগ |

আবৃত্তি ২০২৩ সালের জন্য প্রযোজ্য

| বিষয় | বিভাগ |
|---|---|
| এমন যদি হতো- সুকুমার বড়ুয়া (১৬ লাইন) | ক বিভাগ |
| প্রশ্ন - শামসুর রাহমান (২০ লাইন) | খ বিভাগ |
| মেঘনায় ঢল - হুমায়ূন কবির (১৮ লাইন) | গ বিভাগ |

৩.ক্রীড়া বিষয়ক প্রতিযোগীদের উচ্চতা নির্ধারণঃ

ক. ২০২২- এর জন্য প্রযোজ্য

ক্রীড়া বিষয়ক প্রতিযোগিতায় অংশগ্রহণকারী শিশুদের জন্মতারিখ ০১ জানুয়ারী ২০০৭ থেকে ৩১ ডিসেম্বর ২০১৪ এর মধ্যে হতে হবে। উচ্চতা ৪ ফুট ১১ইঞ্চি এর অধিক হতে পারবে না।

খ. ২০২৩- এর জন্য প্রযোজ্য

ক্রীড়া বিষয়ক প্রতিযোগিতায় অংশগ্রহণকারী শিশুদের জন্মতারিখ ০১ জানুয়ারী ২০০৮থেকে ৩১ ডিসেম্বর ২০১৫এর মধ্যে হতে হবে। উচ্চতা ৪ ফুট ১০ইঞ্চি এর অধিক হতে পারবে না।

ক্রীড়া প্রতিযোগিতার বিষয় সমূহ : প্রতিটি বিষয়ে বালক ও বালিকার প্রতিযোগিতা পৃথকভাবে অনুষ্ঠিত হবে।

| ক্রম | বিষয় |
|---|---|
| ২৫. | দাবা |
| ২৬. | ব্যাডমিন্টন (ভেন্যু: উপজেলা পরিষদ) |
| ২৭. | ১০০মিটার দৌড় |
| ২৮. | উচ্চ লাফ |
| ২৯. | দীর্ঘ লম্ফ |
| ৩০. | ১০০ মিটার মুক্ত সাঁতার (উপজেলা পরিষদ পুকুর, সদর, ময়মনসিংহ) |

## প্রতিযোগিতার নিয়মাবলী ঃ

০১। ২০২২ সালে যারা ১ম শ্রেণি থেকে ১০ম শ্রেণি পর্যন্ত অধ্যয়ন করেছে এবং এস.এস.সি/দাখিল পরীক্ষায় অংশগ্রহণ করেছে অর্থাৎ যারা বর্তমানে একাদশ শ্রেণিতে অধ্যয়নরত তারা ২০২২ সালের প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। ২০২২ সালে কোন শ্রেণিতে অধ্যয়ন করেছে তার প্রমাণক হিসেবে প্রতিযোগীকে অবশ্যই নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক/অধ্যক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। ২০২২ সালে ইংরেজি মাধ্যমে যারা স্ট্যান্ডার্ড ওয়ান থেকে ও-লেভেলে অধ্যয়ন করেছে, তারাও এই প্রতিযোগিতায় অংশ গ্রহণ করতে পারবে।

০২। ২০২৩ সালে যারা ১ম-১০ম শ্রেণি পর্যন্ত অধ্যয়ন করছে এবং এস.এস.সি/দাখিল পরীক্ষায় অংশগ্রহণ করবে তারাই ২০২৩ সালের প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। ২০২৩ সালে কোন শ্রেণিতে অধ্যয়ন করছে তার প্রমাণক হিসেবে প্রতিযোগীকে অবশ্যই নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক/অধ্যক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। ২০২৩ সালে ইংরেজি মাধ্যমে স্ট্যান্ডার্ড ওয়ান থেকে ও-লেভেল পর্যন্ত অধ্যয়নরত শিক্ষার্থীরা এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।

০৩। একজন প্রতিযোগী সর্বোচ্চ ৩টি বিষয়ে অংশগ্রহণ করতে পারবে।

০৪। একই প্রতিযোগী ২০২২ ও ২০২৩ দুই বছরেই অংশগ্রহণ করতে পারবে।

০৫। প্রতিযোগিতার বিষয়সমূহের ক্ষেত্রে আবৃত্তি ও চিত্রাংকন বিষয় দুটিতে ২০২২ ও ২০২৩-এর জন্য ভিন্ন ভিন্ন বিষয় নির্ধারণ করা হয়েছে।

০৬। প্রতিযোগীরা একই গান, নৃত্য, কেরাত দুই বছরের প্রতিযোগিতায় পরিবেশন করতে পারবে না।

০৭। সংগীতের বিভিন্ন বিষয়ে অংশগ্রহণে ইচ্ছুক প্রতিযোগীদের কমপক্ষে আরও ৩টি গান পরিবেশন করার প্রস্তুতি থাকতে হবে।

০৮। আবৃত্তির ক্ষেত্রে নির্ধারিত কবিতা ছাড়াও কমপক্ষে আরও ২টি কবিতা উপস্থাপন করার প্রস্তুতি থাকতে হবে। কবিতা অবশ্যই মুখস্ত আবৃত্তি করতে হবে। বই দেখে আবৃত্তি গ্রহণ করা হবে না।

০৯। কুটিরশিল্প (বাঁশ-বেতের ব্যবহারের সামগ্রী তৈরি/মাটির কাজ ও বিজ্ঞানযন্ত্র উদ্ভাবন) প্রতিযোগিতার জন্য প্রয়োজনীয় উপকরণ প্রতিযোগীরা প্রতিযোগিতা স্থলে সঙ্গে আনবে এবং বিচারকের সামনে তার নির্মাণশৈলী প্রদর্শন করতে হবে। প্রতিযোগীরা একই নির্মাণশৈলী দুই বছরের প্রতিযোগিতায় প্রদর্শন করতে পারবে না।

১০। চিত্রাংকন প্রতিযোগিতায় শুধু কার্টিজ পেপার সরবরাহ করা হবে। অন্যান্য উপকরণ প্রতিযোগীদের সঙ্গে আনতে হবে।

১১। দাবা প্রতিযোগিতায় প্রতিযোগীর উচ্চতার পরিমাপ প্রযোজ্য নয়। এক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়ন অনুযায়ী নির্ধারিত বয়সসীমা গ্রহণযোগ্য হবে।

১২। প্রতিযোগিতা চলাকালীন প্রতিযোগীর বয়সসীমা প্রমাণের জন্য জন্ম নিবন্ধন সনদপত্র ও কোন শ্রেণিতে অধ্যয়ন করছে তা প্রমাণের জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক/অধ্যক্ষ কর্তৃক পদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

১৩। প্রতিযোগিতা চলাকালীন অনুমোদিত ব্যক্তি ছাড়া অন্য কেউ প্রতিযোগিতার কক্ষে প্রবেশ করতে পারবে না।

১৪। অভিনয় করতে হবে তাৎক্ষণিক প্রস্তুতি নিয়ে। প্রতিযোগিতার সময় প্রতিযোগীকে অভিনয়ের বিষয় দেওয়া হবে এবং প্রস্তুতি গ্রহণের জন্য সময় দেওয়া হবে।

১৫। প্রতিযোগী যে সকল সংগীত, নৃত্য ও অভিনয় পরিবেশন করবে তার বিষয়বস্তু আমাদের দেশীয় সংস্কৃতির পরিপূরক হতে হবে এবং সৃজনশীল নৃত্য, লোকনৃত্যের ক্ষেত্রে সংগীতটি অবশ্যই বাংলাদেশের শিল্পীর কণ্ঠে হতে হবে এবং দেশীয় সংস্কৃতির সংগে সামঞ্জস্য থাকতে হবে। নৃত্য বিষয়ের প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য প্যানড্রাইভসহ প্রয়োজনীয় প্রস্তুতি নিয়ে আসতে হবে। প্যানড্রাইভের ব্যাকআপ কপি প্রতিযোগীদের সংরক্ষণ করতে হবে, নাচের সময়সীমা ৫ (পাঁচ) মিনিট।

১৬। কমপক্ষে ৫টি গান প্রতিযোগীদের জানতে হবে এবং প্রয়োজনে প্রস্তুতি নিয়ে রাখতে হবে।

১৭। উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতার সময় প্রতিযোগীদের বিষয়বস্তু জানানো হবে এবং প্রস্তুতি গ্রহণের জন্য সময় দেওয়া হবে।এরপর প্রত্যেক প্রতিযোগীকে সর্বোচ্চ ৩ মিনিট বক্তব্য পেশ করার সুযোগ দেয়া হবে।

(মনিকা পারভীন)
সদস্য সচিব
জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা ২০২২ ও ২০২৩
এবং
উপজেলা শিক্ষা অফিসার
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

প্রধান শিক্ষক/সুপার /অধ্যক্ষ
প্রাথমিক বিদ্যালয়/উচ্চ বিদ্যালয়/মাদরাসা/ কিন্ডার গার্টেন
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

স্মারক নং-উশিঅ/ময়মন-সদর/২০২৩/ ৬৭২(২৩০)

তারিখ: ০২/০৭/২০২৩খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

০১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
০২। চেয়ারম্যান উপজেলা পরিষদ,ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
০৩। উপজেলা নির্বাহী অফিসার,ময়মনসিংহ সদর,ময়মনসিংহ।
০৪। জেলা সংগঠক, বাংলাদেশ শিশু একাডেমী, ময়মনসিংহ জেলা শাখা , ময়মনসিংহ ।
০৫ ।-------------------------------- কর্মকর্তা ও সদস্য, শিক্ষা /সংস্কৃতি /ক্রীড়া বিষয়ক উপকমিটি , ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
০৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,ময়মনসিংহ সদর,ময়মনসিংহ।
০৭। সহকারি উপজেলা শিক্ষা অফিসার...........................................(সকল) ময়মনসিংহ সদর,ময়মনসিংহ।
০৬। সংরক্ষণ নথি।

(মনিকা পারভীন)
সদস্য সচিব
জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা ২০২২-২০২৩
ও
উপজেলা শিক্ষা অফিসার
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

CamScanner